দুর্গাপূজা ঘিরে সুরক্ষা জোরদার, তৎপর গোয়েন্দা নজরদারি: আইজিপি



সংগৃহীত ছবি

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে সারাদেশে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ। আইজিপি বাহারুল আলম জানিয়েছেন, ছোটখাটো ঘটনার তাৎক্ষণিক সমাধান করা হচ্ছে এবং গোয়েন্দারা সক্রিয়ভাবে কাজ করছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

আসন্ন শারদীয় দুর্গাপূজাকে সামনে রেখে সারাদেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) বিকেলে পুরান ঢাকার বাংলাবাজার সার্বজনীন দুর্গাপূজার প্রস্তুতি পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন।

আইজিপি বলেন, “দুর্গাপূজার প্রস্তুতিকালে সামান্য কিছু ঘটনা ঘটতে পারে। তবে খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই পুলিশ ব্যবস্থা নিচ্ছে। পতিত রাজনৈতিক কর্মীরা বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করতে পারে, এ বিষয়টি মাথায় রেখেই আমাদের সদস্যরা দায়িত্ব পালন করছেন।”

তিনি আরও বলেন, “পরাজিত ফ্যাসিস্ট শক্তি নিজেদের উপস্থিতি জানান দিতে চেয়েছিল। তবে আইন অনুযায়ী আমরা তা মোকাবেলা করেছি। দুর্গোৎসবকে কেন্দ্র করে কেউ যাতে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে না পারে, সেজন্য গোয়েন্দা সংস্থাগুলোও সর্বোচ্চ তৎপরতা চালিয়ে যাচ্ছে।”